



শিক্ষা নিয়ে গড়ব দেশ  
সেখ হাসিনার বাংলাদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
মহাপরিচালকের দপ্তর

প্রাপ্তি নং  
তারিখ:

পরিচালক  
 প্রকল্প পরিচালক  
 উপ-পরিচালক  
 সহকারী পরিচালক

তারিখের মধ্যে  
নথিতে দিবেন/আলাপ করুন।

মহাপরিচালক

ডাক (৫) | অফিস সার্বস্বত্ব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সমন্বয় শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
পরিচালক (কলেজ ও প্রশাসন) এর দপ্তর

প্রাপ্তি নং  
তারিখ:

উপ-পরিচালক (সং-৪১)  
 উপ-পরিচালক (ক-১)  
 উপ-পরিচালক (ক-২)  
 উপ-পরিচালক (এইচআরএম)

তারিখের মধ্যে  
নথিতে দিবেন/আলাপ করুন।

পরিচালক (কলেজ ও প্রশাসন)



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৩৫৯

তারিখ: ৫ আশ্বিন ১৪২৮

২০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য অন্য অনুষ্ঠিত ১১তম আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্র: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পত্র নং-৪৬.০০.০০০০.০৭০.১০৭.০৫.০০১.২১-৩৬(১/১০০), তারিখ: ৫ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫ আগস্ট ২০২১ তারিখে জনাব মো: তাজুল ইসলাম এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সভাপতিত্বে সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য ১১তম আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীতে এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৭	বর্তমানে কোভিড পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় অনেক সময় সিটি কর্পোরেশনসমূহ সেখানে নিয়মিত অভিযান পরিচালনা করতে পারে না। ফলে এ সকল স্থানে মশকের প্রজনন বৃদ্ধি পায়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। ২। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ

০২। উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো. মাহমুদ  
২৭/৯/২১

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
মহাপরিচালকের দপ্তর

ক্রমিক নং  
তারিখ:

সহকারী পরিচালক (সং)  
 সহকারী পরিচালক (সামল)  
 প্রধান সহকারী (সং)  
 প্রধান সহকারী (বিঃ)

তারিখের মধ্যে  
নথিতে দিবেন/আলাপ করুন।

সহকারী পরিচালক (সং-৪১)

২০-৯-২০২১

মোহাম্মদ ইছমত উল্লাহ

উপসচিব

ফোন: ৯৫৪৬৫৬৩

ইমেইল: sas\_s4@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৩৫৯/১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

তারিখ: ৫ আশ্বিন ১৪২৮

২০ সেপ্টেম্বর ২০২১

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
মহাপরিচালকের দপ্তর

ক্রমিক নং  
তারিখ:

সঃ সঃ বিঃ  
 সঃ বিঃ  
 সঃ সঃ বিঃ  
 বিঃ


তারিখের মধ্যে  
নথিতে দিবেন/আলাপ করুন।

সহকারী পরিচালক (সং-৪১)

২০-৯-২০২১

মোহাম্মদ ইছমত উল্লাহ

উপসচিব




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
নগর উন্নয়ন-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



বিষয়: সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য অনুষ্ঠিত ১১ তম আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ তাজুল ইসলাম এমপি  
মাননীয় মন্ত্রী  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
সভার স্থান : স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ  
তারিখ ও সময় : ২৫ আগস্ট ২০২১, সকাল ১০.৩০ টা  
উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট- 'ক'



**সভার আলোচনা:**

১.১ মাননীয় মন্ত্রীর সদয় অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভা শুরু করেন। তিনি বলেন, “জানুয়ারি হতে ডিসেম্বর, মশক নিধন বছর ভর” শীর্ষক স্লোগান নিয়ে বছরব্যাপী মশক নিধন ও প্রজনন প্রতিরোধকল্পে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তর/ সংস্থার বছরব্যাপী কার্যক্রম অব্যাহত রেখেছে। মশকের বংশবিস্তার প্রতিরোধে গৃহীত প্রতিদিনের কর্মপরিকল্পনা ও কার্যক্রম নিবিড় মনিটরিং করার জন্য স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) কে সভাপতি করে একটি সেল গঠন করা হয়েছে। এছাড়া মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের পক্ষ হতে জনসচেতনতামূলক TVC প্রচার অব্যাহত রয়েছে। সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলরগণের নেতৃত্বে ১০টি উপ-কমিটি গঠন করা হয়েছে। সিটি কর্পোরেশন এলাকায় Hot Spot-সমূহ চিহ্নিত করে Rapid Action Team অভিযান পরিচালনা করে যাচ্ছে। মাননীয় মন্ত্রীও বিভিন্ন সময়ে এসকল অভিযানে অংশগ্রহণ করে মশকের বংশবিস্তার রোধে সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করে থাকেন। সিটি কর্পোরেশনসমূহে পর্যাপ্ত কীটনাশকের মজুদ এবং বেসরকারি পর্যায়ে কীটনাশক আমদানী ও সহজলভ্য করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি সভায় সূচনা বক্তব্য প্রদান করার জন্য মাননীয় মন্ত্রী ও সভার সভাপতিকে অনুরোধ জানান।

১.২ মাননীয় মন্ত্রী সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্ট কালোরাত্রিতে শাহাদাত বরণকারী সকলের আত্মার মাগফেরাত কামনা করেন। মাননীয় মন্ত্রী ১১ শে আগস্টে গ্রেভেড হামলায় নিহত সকলকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি সভায় উপস্থিত ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর ও গাজীপুর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), সরকারের সিনিয়র সচিব/সচিব এবং অন্যান্য কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দকে স্বাগত জানান। তিনি এডিস মশাবাহিত ডেঙ্গু রোগের বিস্তার সম্পর্কিত বর্তমান বৈশ্বিক চিত্র তুলে ধরেন। তিনি বলেন, প্রতি বছর ১০ থেকে ৪০ কোটি লোক ডেঙ্গু রোগে আক্রান্ত হয় এবং ৭ কোটি মানুষ Vector borne disease এ আক্রান্ত হয়। তিনি প্রাসঙ্গিক কয়েকটি দেশের পরিসংখ্যান তুলে ধরেন। তিনি বলেন, মশাবাহিত রোগ প্রতিরোধে এবং মশকের বংশবিস্তার রোধে সিটি কর্পোরেশনসমূহ আন্তরিকতার সাথে সমন্বিত কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং তাদের নিরলস চেষ্টায় অনেকাংশে ডেঙ্গু প্রতিরোধ সম্ভব হয়েছে। এজন্য তিনি সভায় উপস্থিত মাননীয় মেয়রগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব কিছুটা বৃদ্ধি পেয়েছে। চলমান বিধিনিষেধ এবং ঈদের ছুটিতে কিছু নির্মাণাধীন বাড়ি তালাবদ্ধ থাকায় এসকল বাড়িতে মশার প্রজনন বেশি হয়েছে। এ ব্যাপারে TVC প্রচারের

অতিরিক্ত সচিব (প্রোগ্রাম ও অস) এর দপ্তর	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (উন্নয়ন)	<input type="checkbox"/> উপ-সচিব (প্রশাসন/প্রশাসন)
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (বিপর্যয়/স্বাস্থ্য)	<input type="checkbox"/> উপ-সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (কলেজ/মহাবিদ্যালয়)	<input type="checkbox"/> উপ-সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
<input type="checkbox"/> উপ-সচিব (কলেজ)	<input type="checkbox"/> উপ-সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
<input type="checkbox"/> উপ-সচিব (অতিরিক্ত ও অস)	<input type="checkbox"/> উপ-সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
<input type="checkbox"/> উপ-সচিব (পরিকল্পনা)	<input type="checkbox"/> উপ-সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)

সচিবের দপ্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়	
সচিব	সচিব
সচিব (প্রোগ্রাম ও অস)	সচিব (উন্নয়ন)
সচিব (বিপর্যয়/স্বাস্থ্য)	সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
সচিব (কলেজ)	সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)
সচিব (অতিরিক্ত ও অস)	সচিব (স্বাস্থ্য/স্বাস্থ্য)

১১

১১/৯/২১

মাধ্যমে জনগণকে সচেতন করার কার্যক্রম চলমান আছে। সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডকে ১০(দশ)টি সাবজোনে বিভক্ত করে জনপ্রতিনিধি এবং স্থানীয় জনসাধারণ কে সম্পৃক্ত করে সমন্বিত কার্যক্রম গ্রহণ করতে হবে।

এপর্যায়ে তিনি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা” মোড়ক উন্মোচন করেন। অতঃপর তিনি সিটি কর্পোরেশন এবং অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ /দপ্তর/ সংস্থার পক্ষ হতে তাদের চলমান কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করা এবং কোন সীমাবদ্ধতা থাকলে তা উপস্থাপনের জন্য সকলকে আহ্বান জানান।

১.৩ স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বর্তমানে ডেঙ্গু রোগের সার্বিক পরিস্থিতি উপস্থাপন করেন। তিনি বলেন, বর্তমানে এডিস মশক প্রজননের ভরা মৌসুম। স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে মৌসুমী জরীপ সম্পন্ন করা হয়েছে। জরীপে প্রাপ্ত তথ্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হয়েছে। ঢাকা উত্তরে ২৬ টি জায়গায় এবং ঢাকা দক্ষিণে ৩০ টি জায়গায় তুলনামূলকভাবে বেশি সংখ্যক ডেঙ্গু রোগী পাওয়া গেছে। তন্মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে রামপুরা, মতিঝিল, যাত্রাবাড়ি, গেন্ডারিয়া, সায়েদাবাদ, খিলক্ষেত, শান্তিনগর, বাসাবো এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে উত্তরা, মিরপুর, বনশ্রী, মোহাম্মদপুর, কল্যাণপুর, বাড্ডা, শ্যামলী এ সকল জায়গায় ডেঙ্গু রোগীর সংখ্যা বেশি। ঢাকার কিছু এলাকায় ডেঙ্গু রোগী সঠিক তথ্য নির্ণয় করতে গিয়ে বহুমুখী বাধার সম্মুখীন হতে হয়। এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট এলাকার কর্তৃপক্ষের সহায়তা কামনা করেন।

১.৪ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন) এ সংক্রান্ত পূর্ববর্তী আন্তঃমন্ত্রণালয় সভা সমূহের সিদ্ধান্ত উপস্থাপনা করেন। এছাড়াও তিনি মশক নিধন বিষয়ে এ বিভাগে গঠিত সেল এবং উক্ত সেলের মাধ্যমে মশকের বংশবিস্তার রোধে প্রতিদিনের কর্মপরিকল্পনা, গৃহীত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

১.৫ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান, সমন্বিত মশক নিয়ন্ত্রণ কার্যক্রম এর আওতায় ইতোপূর্বে ঝুঁকিপূর্ণ ওয়ার্ডসমূহে চিরুনী অভিযান চালানো হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট, স্থানীয় কাউন্সিলরদের সহায়তায় বাসার ভিতরে যাওয়া হয় এবং কোথাও স্বচ্ছ পানি জমা রয়েছে কিনা তা পরীক্ষা করা হয়। জনগণকে সচেতন করার জন্য প্রতিনিয়ত মাইকিং করা হচ্ছে। তিনি আরও জানান যে, কীটনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে এবং প্রতিদিন পরিচ্ছন্ন কর্মী সকাল এবং বিকালে নির্ধারিত এলাকায় কীটনাশক স্প্রে করছে। স্বাস্থ্য অধিদপ্তর থেকে যে সকল রোগীদের তথ্য পাওয়া যায় সে সকল রোগীর বাড়িতে বিশেষ অভিযান চালিয়ে তাদের সচেতন করা হচ্ছে। এ পর্যন্ত ১৮৩২ জন রোগীর বাড়িতে অভিযান চালিত হয়েছে।

১.৬ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে জানান, যেসকল বাড়িতে লার্ভা পাওয়া যায় তাদেরকে সতর্কতামূলক এসএমএস দেয়া হয়েছে। বিভিন্ন সরকারি আধাসরকারি, বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানকে চিঠি দেয়া হয়েছে। মে মাসে জনসচেতনতামূলক Road Show করা হয়েছে এবং চিরুনী অভিযান পরিচালনা করা হয়েছে। বিভিন্ন অঞ্চলের সিডিসিকে সম্পৃক্ত করে মতবিনিময় করা হয়েছে। বর্তমানে লিফলেট-ষ্টিকার বিতরণ করা হচ্ছে। ‘সহজ উপায়ে কেরোসিন, জমা পানিতে ফেলে দিন’ এ প্লোগান এর মাধ্যমে জনগণকে সচেতন করা হচ্ছে। ডেঙ্গু রোগীর বাড়িতে নিয়মিত লার্ভিসাইড প্রয়োগ করা হচ্ছে। মোবাইল কোর্ট নিয়মিত পরিচালিত হচ্ছে এবং মশক নিধন কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

১.৭ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, এডিস মশক প্রজননের অনুকূল আবহাওয়া, অপিরিকল্পিত নগরায়ন, ছাদবাগান এ সকল কারণে এডিসের প্রজননের উৎস বাড়ছে। তবে বছর ব্যাপী মশাবাহিত রোগ প্রতিরোধের সকল কার্যক্রম চলমান থাকায় তা নিয়ন্ত্রণে রয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব কমানোর লক্ষ্যে মোবাইল কোর্টের কার্যক্রম চালানো হচ্ছে। এছাড়া আঞ্চলিক কর্মকর্তাদের মাধ্যমে নির্ধারিত অঞ্চলে চিরুনী অভিযান পরিচালনা করা হয়। এখন পর্যন্ত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ৪৫৪৪ জন রোগী পাওয়া গেছে এবং লার্ভা প্রাপ্তি বিবেচনায় ১৮ টি জায়গা চিহ্নিত হয়েছে। এ সকল চিহ্নিত জায়গায় পরিচ্ছন্ন কর্মীরা মশকের

৫

বিস্তার রোধে নিয়মিত কাজ করছে। তিনি ছাদবাগানসমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য নগরবাসীকে অনুরোধ করেন এবং উক্ত অভিযান পরিচালনার জন্য বাসায় ঢোকান অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়াও স্বাস্থ্য অধিদপ্তর থেকে ডেঙ্গু রোগীর যে সকল তথ্য দেয়া থাকে সেখানে যথাযথ ঠিকানা উল্লেখ না থাকায় সহজে ডেঙ্গু রোগী চিহ্নিত করা সম্ভব হয় না। তিনি স্বাস্থ্য অধিদপ্তরকে ডেঙ্গু রোগীর সঠিক তথ্য দেওয়ার জন্য অনুরোধ জানান।

১.৮ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম ভারুয়ালি সংযুক্ত হয়ে সভাকে অবহিত করেন যে, Hot Spot নিয়ন্ত্রণ করার জন্য Rapid Action Team গঠন করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগীদের টেস্ট বিনামূল্যে করা হয় এবং টেস্ট এর স্থানসমূহ ওয়েব সাইটে দেয়া হয়েছে।

১.৯ প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) জনাব জুয়েনা আজিজ বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নেতৃত্বে সকল সিটি কর্পোরেশন কর্তৃক নিবিড় ও সমন্বয়পযোগী কার্যক্রম গ্রহণ করার ফলে আজকের সফলতা অর্জন সম্ভব হয়েছে। তিনি আরোও বলেন, স্বাস্থ্য অধিদপ্তর থেকে যদি রোগীদের নির্দিষ্ট ঠিকানা দেওয়া হয় তাহলে এলাকা চিহ্নিত করা সহজ হবে। তিনি ডেঙ্গু রোগীদের চিকিৎসার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ডেডিকেটেড হাসপাতালসমূহের তথ্য অধিকতর প্রচার, পর্যাপ্ত চিকিৎসক এবং মেডিকেল স্টাফ নিয়োজিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করেন। তিনি লক্ষণ দেখা দেয়া মাত্রই ডেঙ্গু পরীক্ষা করার ওপর গুরুত্বারোপ করেন। সর্বোপরি তিনি সবাইকে সচেতন থাকার আহ্বান জানান।

১.১০ সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ সভাকে জানায়, যেখানে বর্জ্য বেশি সেখানে লার্ভা বেশি জন্মায়। এক্ষেত্রে লার্ভিসাইড এর ঔষধ টা সঠিক হলে এডিস মশা নিয়ন্ত্রণ সহজ হবে। স্বাস্থ্য সেবা বিভাগ প্রয়োজন ও চাহিদা অনুযায়ী ডেঙ্গু নিধনে সহায়তা করবে মর্মে সভাকে অবহিত করেন।

১.১১ চেয়ারম্যান রাজউক সভাকে বলেন যে, মাননীয় মন্ত্রী ও আজকের সভার মাননীয় সভাপতির নির্দেশনা অনুযায়ী রাজউক কর্তৃক টীম গঠন করে অভিযান পরিচালনা করা হচ্ছে। ইতিমধ্যে সরকারি ও বেসরকারি পর্যায়ে নিমাণাধীন ভবন গুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় রাজউকের ১৯ টিম কাজ করছে।

১.১২ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে তাদের আওতাধীন সকল দপ্তর, আবাসনের রোপস্কাড, ড্রেন ইত্যাদি পরিষ্কার করা হয়েছে। সরকারি আবাসনসমূহে জোনভিত্তিক ০৮টি ডেঙ্গু পরিবীক্ষণ ও ব্যবস্থাপনা টীম কাজ করছে। ফগার স্প্রে ব্যবহার করা হচ্ছে। নির্মাণাধীন সাইটে ঔষধ ছিটানো হচ্ছে এবং অনেক ক্ষেত্রে কেরোসিন ব্যবহার করা হচ্ছে। ঢাকায় এ বিষয়ে লিফলেট বিতরণ করা হচ্ছে। সচিবালয়সহ অন্যান্য কেপিআই এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১.১৩ বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি বলেন, ঢাকা এবং চট্টগ্রামে ফগার মেশিনের মাধ্যমে প্রত্যেক সপ্তাহের ৬ দিন মশার ঔষুধ, ২ দিন লার্ভিসাইড এবং ২ দিন ব্লিচিংপাউডার দেওয়া হয়। অবৈধ দখলদারদের উচ্ছেদ করে পরিচ্ছন্নতা অভিযান চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

১.১৪ বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মো: মিজানুর রহমান বলেন যে, বিগত আন্তঃমন্ত্রণালয় সভার প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে কার্যক্রম চলমান আছে। DNCC এর সহযোগিতা নিয়ে তারা একটি মনিটরিং কমিটির মাধ্যমে মশক নিধন কার্যক্রম পরিচালনা করেন। বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ এবং আওতাভুক্ত আবাসিক এলাকাসহ তাদের অধিক্ষেত্রে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান এবং মশক নিধন কার্যক্রম অব্যাহত আছে।

১.১৫ শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, দীর্ঘদিন স্কুল কলেজ বন্ধ থাকায় এডিস মশার বিস্তার রোধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের সহায়তায় পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করছে।



১.১৬ উপসচিব, তথ্য মন্ত্রণালয় বলেন, সরকারি এবং বেসরকারি টিভি চ্যানেল গুলোতে প্রচারাধীন জনসচেতনতামূলক TVC প্রচার অব্যাহত রাখা হয়েছে।

১.১৭ যুগ্মসচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সভাকে জানায়, বিগত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে যাচ্ছে। মেট্রোরেলসহ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন নির্মাণাধীন প্রকল্পসমূহের প্রকল্প এলাকা ও তাদের বিভিন্ন স্থাপনায় নিয়মিত কীটনাশক স্প্রে করা হচ্ছে।

১.১৮ গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ জাহাঙ্গীর আলম বলেন, ঢাকা ও গাজীপুরে বসবাসরত সকল জনগণকে তিনি নিরাপদ রাখতে চান। ইতিমধ্যে ২৬০০ মসজিদের ইমাম এবং ৯৫০০ প্রধান শিক্ষক নিয়ে কাজ অব্যাহত রেখেছেন। গাজীপুর সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডে ৭৬ জন কাউন্সিলরগণ তাদের কার্যক্রম অব্যাহত রেখেছে।

১.১৯ মাননীয় মন্ত্রী ও সভার সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন, ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব তুলনামূলকভাবে একটু বৃদ্ধি পেলেও বছরের পরবর্তী সময়ে যেন এ রোগের বিস্তার লাভ না করতে পারে, সেজন্য বছরব্যাপী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তিনি মশকের লার্ভা জন্মানোর জন্য দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় শাস্তির আওতায় আনার ব্যাপারে গুরুত্বারোপ করেন। তিনি সিটি কর্পোরেশনসমূহের কীটনাশক প্রয়োগ এবং মোবাইল কোর্টের অভিযান পরিচালনা ও পরিকল্পনা সংক্রান্ত তথ্য নিয়মিত মন্ত্রণালয়ে এ সংক্রান্ত সেলকে সরবরাহ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। যেসকল ছাদবাগান অপরিষ্কার রয়েছে সেখানে ফুলের টবে পানিতে লার্ভা দমন প্রতিরোধে নিয়মিত কেরোসিন দেওয়ার নির্দেশনা প্রদান করেন। ডেঙ্গু রোগীর তথ্য প্রদানে সকল সংরক্ষিত/আবাসিক এলাকাকে সহায়তা হবে মর্মে উল্লেখ করেন। তিনি বলেন, চলমান করোনা মহামারীর মধ্যে ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিলে জনসাধারণের জন্য তা হবে অত্যন্ত কষ্টদায়ক। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।


## ২. সভার সিদ্ধান্ত:

সভায় সকলের বক্তব্য পর্যালোচনা করে সভাপতি নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ প্রদান করেন:

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	সিটি কর্পোরেশনসমূহে মশকনিধন কাজে ব্যবহৃত কার্যকর কীটনাশকের পর্যাপ্ত মজুদ নিশ্চিত করতে হবে।	সকল সিটি কর্পোরেশন
২.২	মশকের উৎসস্থল ধ্বংস এবং মশক নিধনে সমন্বিত কার্যক্রম বাস্তবায়নে সকল সরকারি, বেসরকারি দপ্তর/সংস্থা এবং কর্তৃপক্ষ সিটি কর্পোরেশন এবং স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।	১। সকল সিটি কর্পোরেশন ২। স্বাস্থ্য অধিদপ্তর ৩। বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়। ৪। রেলপথ মন্ত্রণালয়। ৫। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা।
২.৩	সনাক্তকৃত ডেঙ্গু রোগীদের বাসস্থান সম্বলিত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সিটি কর্পোরেশনসমূহ হটস্পট চিহ্নিতপূর্বক বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখবে।	১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ২। সকল সিটি কর্পোরেশন
২.৪	ডেঙ্গু রোগের লক্ষণ দেখা দেয়া মাত্র জনসাধারণ যেন দ্রুত ডেঙ্গু পরীক্ষা করে ডেঙ্গু ডেডিকেটেড হাসপাতাল সমূহের তথ্য জনসাধারণের জ্ঞাতার্থে ব্যাপক প্রচার করতে হবে। ডেঙ্গু ডেডিকেটেড হাসপাতালসমূহে পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক এবং মেডিকেল স্টাফ নিয়োজিত করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ।
২.৫	(ক) রাজধানীতে মেট্রোরেল প্রকল্পসহ চলমান অন্যান্য এলাকা যেন এডিস মশার প্রজনন কেন্দ্রে পরিনত না হয় এ বিষয়ে স্ব স্ব কর্তৃপক্ষকে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ৩। সকল সিটি কর্পোরেশন

	(খ) সিটি কর্পোরেশন সকল অংশীজনকে নিয়ে দ্রুত সর্বাঙ্গিক অভিযান অব্যাহত রাখতে হবে যাতে এডিস মশা নিধনে সফলতা অর্জন করা যায়।	
২.৬	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সকল সরকারি আবাসন, নির্মাণাধীন ভবনে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখবে। প্রয়োজনে আইন অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিশ্চিত করবে।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২.৭	বর্তমানে কোভিড পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় অনেকসময় সিটি কর্পোরেশনসমূহ সেখানে নিয়মিত অভিযান পরিচালনা করতে পারে না। ফলে এসকল স্থানে মশকের প্রজনন বৃদ্ধি পায়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। ২। মাদ্রাসা ও কারিগরী শিক্ষা বিভাগ।
২.৮	প্রতিটি ওয়ার্ডকে ১০টি সাবজোনে বিভক্ত করে সকল শ্রেণী পেশার মানুষকে সম্পৃক্ত করে এডিস মশার প্রজননস্থল ধ্বংস এবং ডেঙ্গুর প্রতিরোধের বিষয়ে জনসচেতনতা তৈরী করতে হবে। এক্ষেত্রে স্বেচ্ছাসেবার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল সিটি কর্পোরেশন।
২.৯	(ক) বাসা-বাড়িতে লার্ভা জন্মানোর উপযোগী স্থানে বাসিন্দাগণ কর্তৃক স্বউদ্যোগে কীটনাশক প্রয়োগ করার মাধ্যমে মশক নিধনে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য জনসচেতনতা সৃষ্টি করতে হবে; (খ) সরকার কর্তৃক অনুমোদিত কীটনাশক বেসরকারিভাবে আমদানি ও খোলা বাজারে সহজভাবে প্রাপ্তির জন্য বেসরকারী খাতকে উৎসাহিত করতে সকল বাধা দূর করতে হবে।	১। স্থানীয় সরকার বিভাগ, ২। কৃষি মন্ত্রণালয়, ৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
২.১০	ইচ্ছাকৃতভাবে এডিস মশার প্রজননের জন্য দায়ী ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	সকল সিটি কর্পোরেশন।

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তাজুল ইসলাম এমপি

মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)
৪. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে এ বাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা
২২. সচিব, সেতু বিভাগ, মহাখালী, ঢাকা।
২৩. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গনি রোড, ঢাকা।
২৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২৮. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৩. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩৫. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৯. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইন্সটান, ঢাকা।
৪১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, বাস্তবায়ন, পরিদীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪৫. সচিব, দুর্ধোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫৫. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৭. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৮. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন/ প্রশাসন/ পানি সরবরাহ/ উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৯. বিভাগীয় কমিশনার, ..... বিভাগ (সকল)।
৬০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন (সকল)।
৬১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, রাজশাহী ওয়াসা/ খুলনা ওয়াসা।
৬২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ / চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৬৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৪. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬৬. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ক্যাপ্টেন মনসুর আলী সরনি, কাকরাইল, ঢাকা।
৬৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬৮. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা।
৬৯. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৭০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৭১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ক্যাপ্টেন মনসুর আলী সরনি, ঢাকা।
৭২. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৭৪. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
৭৫. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭৬. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭৭. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা/ জ্যেষ্ঠ স্বাস্থ্য কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন (সকল)।
৭৮. চেয়ারম্যান, জেলা পরিষদ ..... (সকল)।
৭৯. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮০. জেলা প্রশাসক, ..... জেলা (সকল)।
৮১. উপসচিব (সিটি কর্পোরেশন-১/২/ জেলা পরিষদ/ পৌর-১/ পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮২. পরিচালক, স্থানীয় সরকার, ..... বিভাগ (সকল)।
৮৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ..... (সকল)।
৮৪. মেয়র, ..... পৌরসভা (সকল)।
৮৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫.০৭.২০২১

শাফিয়া আক্তার শিমু  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: urbandevelopment2@lgd.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০২.২০.২১৩

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

বিষয়: মশাবাহিত রোগ প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.৩৫৯, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে মশকবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ঠিকভাবে পরিচালনা করা যায়নি। এর ফলে সেসকল স্থানে মশক প্রজনন ক্ষেত্র যেমন সৃষ্টি হয়েছে তেমনি সেসকল ক্ষেত্রগুলো ধ্বংসও করা যায়নি। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলে যাওয়ায় মশক প্রজননের স্থানগুলো চিহ্নিত করে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে সেগুলো ধ্বংস করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মশকবাহিত রোগ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখতে পারে।

এমতাবস্থায়, সারাদেশে মশকবাহিত রোগ প্রতিরোধে প্রতিষ্ঠানে মশক প্রজননের স্থানসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-১০-২০২১

বিপুল চন্দ্র বিশ্বাস  
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/পরিচালক, এইচএসটিটিআই, সকল
- ২) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল)
- ৩) উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৪) জেলা শিক্ষা অফিসার, সকল
- ৫) প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (সকল)
- ৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০২.২০.২১৩/১(৬)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৬) সংরক্ষণ নথি



১০-১০-২০২১

বিপুল চন্দ্র বিশ্বাস  
উপপরিচালক